

৪১

## পিএসসি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ

বেসামরিকভাবে সরকারি চাকরি নিয়োগদানের ক্ষেত্রে বাংলাদেশ কর্মকমিশন (পিএসসি) একটি সর্ববৃহৎ প্রতিষ্ঠান। সরকারি বিভিন্ন কাজের প্রথম শ্রেণীর কর্মকর্তা নিয়োগ দেওয়াই এ প্রতিষ্ঠানের কাজ। পিএসসি কর্তৃপক্ষ বিসিএস পরীক্ষার মাধ্যমে এ নিয়োগদান কাজটি সম্পন্ন করে থাকেন। বিসিএস পরীক্ষার প্রথম পর্বটি হচ্ছে প্রিলিমিনারি পরীক্ষা। প্রিলিমিনারি পরীক্ষায় অধিকসংখ্যক পরীক্ষার্থী অংশগ্রহণ করে থাকেন বিধায় প্রতিবছর এ নিয়ে কর্তৃপক্ষের অনেকটা বেগ পেতে হয়। এক্ষেত্রে পরীক্ষার্থীরাও প্রচণ্ড ভোগান্তির শিকার হন। কারণ দেশে পর্যাপ্তসংখ্যক বিসিএস পরীক্ষার কেন্দ্র না থাকায় এদের বিভিন্ন ধরনের ঝামেলা পোহাতে হয়। ঢাকা বিভাগের ছাত্রছাত্রীদের ঢাকায় এসে বিসিএস পরীক্ষা দিতে হয়। এতে করে যে সকল পরীক্ষার্থী ঢাকার বাইরে থাকেন তাদের ঢাকায় আসা-যাওয়া, থাকা-খাওয়া খুব অসুবিধা হয়। ফলে পরীক্ষার্থীরা অনেকটাই আর্থিক সংকটের সম্মুখীন হয়ে থাকেন। এতে করে তাদের পরিবারও আর্থিক সংকটে পড়ে। কারণ আমাদের দেশের অধিকাংশ পরিবারই মধ্যবিত্ত।

বৃহত্তর ময়মনসিংহ ঢাকা বিভাগের অন্তর্ভুক্ত। এর অধীনে রয়েছে ৫টি জেলা ময়মনসিংহ সদর, নেত্রকোনা, কিশোরগঞ্জ, শেরপুর, জামালপুর। জেলাগুলোর অধীনে রয়েছে প্রচুরসংখ্যক শিক্ষা প্রতিষ্ঠান। শুধু তাই নয়, এখানে রয়েছে, নামকরা অনেক শিক্ষা প্রতিষ্ঠান। যেমন- কৃষি বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ, মহিলা টিচার্স ট্রেনিং কলেজ, আনন্দমোহন বিশ্ববিদ্যালয় কলেজ, গুরুদয়াল বিশ্ববিদ্যালয় কলেজ, আশেক মাহমুদ বিশ্ববিদ্যালয় কলেজ। ফলে ৫টি জেলার প্রচুর ছাত্রছাত্রী প্রতিবছর বিসিএস পরীক্ষায় অংশগ্রহণ করে থাকেন। ইতিমধ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ময়মনসিংহকে শিক্ষা নগরী ঘোষণা করেছেন। তাই স্বাভাবিকভাবেই এ জেলার গুরুত্ব অধিক। বৃহত্তর ময়মনসিংহ থেকে প্রতিবছর ২০-২৫ হাজার ছাত্রছাত্রী বিসিএস পরীক্ষায় অংশগ্রহণ করে থাকেন। তাই ময়মনসিংহবাসী অনেকদিন ধরেই এখানে বিসিএস পরীক্ষার কেন্দ্র স্থাপনের জোর দাবি জানিয়ে আসছেন। কিন্তু আজ পর্যন্ত কর্তৃপক্ষ এ ব্যাপারে কোন ইতিবাচক সাড়া দেননি। একজন পরীক্ষার্থী বিসিএস পরীক্ষায় অংশ নিতে গিয়ে বিভিন্ন খরচ বাবদ ১ হাজার টাকা খরচ করে থাকেন। যা একজন শিক্ষিত বেকার এবং তার পরিবারের জন্য একটা বোঝা স্বরূপ। আবার অনেকের ঢাকায় থাকার সুব্যবস্থা না থাকায় পরীক্ষার দিন বাসে করে পরীক্ষা কেন্দ্রে পৌঁছান। এতে করে দেখা যায়, অনেকে যানজটের কারণে পরীক্ষার কেন্দ্রে উপস্থিত হতে পারেন না। তাছাড়া দেশে সড়ক দুর্ঘটনার সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। এটিও একটি সমস্যা। একজন পরীক্ষার্থীকে এতো ভোগান্তির মধ্যে ফেলার আদৌ কোনো যুক্তি নেই।

তাই পিএসসি কর্তৃপক্ষকে অনুরোধ, বিদ্যমান সমস্যা বিবেচনায় এনে এবং বিষয়টি গুরুত্ব সহকারে চিন্তা করে বৃহত্তর ময়মনসিংহসহ আরো কয়েকটি জেলা নিয়ে ময়মনসিংহে বিসিএস-এর একটি কেন্দ্র স্থাপনে প্রয়োজনীয় সব ব্যবস্থা নিয়ে বৃহত্তর ময়মনসিংহবাসীর প্রাণের দাবি পূরণ করুন।

কৃষিবিদ নির্মল সূত্রধর  
বা.কৃ.বি. ময়মনসিংহ।